


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫
(www.dae.gov.bd)

স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলতি “মাঘ মাসে কৃষকভাইদের করণীয়” বিষয়ে একটি লিফলেট এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো। এ লিফলেটটি মুদ্রন করে আপনার অঞ্চল / জেলার কৃষকভাইদের মাঝে ব্যাপক ভাবে প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো।

সংযুক্ত : মাঘ মাসে কৃষকভাইদের করণীয় - ১ (এক) পৃষ্ঠা।


(চেতন্য কুমার দাস)
পরিচালক
সরেজমিন উইং
ফোনঃ ৮১২৩১৪৭।
স্বাক্ষর
১৩/০১/১৭ই

স্মারক নং : ১২.১০.০০০০.০০৪.১৬.০৫২.১৩ (২য় অংশ)/ ৫৫৬(৮৮) তারিখঃ ১৩/১/১৭

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ/হাটকালচার/প্রশিক্ষণ/উদ্ভিদ সংরক্ষণ/উদ্ভিদ সংগনিরোধ/ক্রপস/পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- অঞ্চল (১৪টি)।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- জেলা (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫।

মাঘ মাসে কৃষকভাইদের করণীয়

১. দলীয়ভাবে অগভীর/গভীর নলকূপ ও পাওয়ার পাম্প চালু করার প্রস্তুতি নিতে হবে;
২. পুকুর, জলাশয়, খাল ও ডোবায় বৃষ্টির পানি ধরে রাখুন;
৩. উপকূলীয় অঞ্চলে বোরো মৌসুমে ব্রিধান-৪৭ ও অন্যান্য উপযোগী জাতের আবাদ করা যায়;
৪. উপকূলীয় অঞ্চলে এ সময় মুগডাল আবাদ করা যায়;
৫. উপকূলীয় অঞ্চলে যেখানে জোয়ার ভাটায় জমিতে পানি জমে থাকে সেখানে সর্জান পদ্ধতিতে সবজি ও ফলের চাষ করার জন্য সর্জান বেড তৈরি করতে পারেন;
৬. আলু উত্তোলন করে ভালোভাবে পরিষ্কার করে সংরক্ষণ করুন;
৭. বোরো ধান রোপণ করুন;
৮. খরা সহনশীল কাউন চাষ করুন;
৯. খিরা, তরমুজ, মিষ্টি কুমড়া চাষ করুন;
১০. শীতকালীন শাক-সবজির বীজ বপন ও চারা রোপন করুন;
১১. মাসের দ্বিতীয় সপ্তাহে বোরো ধানে উপরি সার প্রয়োগ করুন;
১২. গম, সরিষা, ছোলা, তিষি, ভুট্টা ফসলে সেচ দিন;
১৩. মাসের শেষ সপ্তাহে পুকুর, জলাশয়, খাল, ডোবায় পানি সংরক্ষণ করুন;
১৪. রবি ফসলে ইউরিয়া উপরি প্রয়োগ করুন এবং প্রয়োজনে সেচ দিন;
১৫. শতভাগ বোরো ধানের জমিতে পার্চিং (ডালা পুতা) নিশ্চিত করুন;
১৬. চারা রোপন কালে শৈত্য প্রবাহ শুরু হলে কয়েকদিন দেরি করে চারা রোপন করুন;
১৭. বোরো ধানের চারা রোপনের পর শৈত্য প্রবাহ দেখা দিলে জমিতে ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখুন;
১৮. বোরো ধানে পর্যায়ক্রমে ভিজানো ও শুকানো পদ্ধতিতে (এ ডব্লিউ ডি) সেচ প্রদান করুন;
১৯. ফসলে পোকা মাকড় দমনে জৈব বালাইনাশক ব্যবহার এবং সেক্স ফেরোমন ব্যবহার করুন;
২০. বালাইনাশকের যথেষ্ট ব্যবহার থেকে বিরত থাকুন। বালাইনাশক কেনার সময় প্যাকেট বা বোতলের গায়ে মেয়াদ আছে কিনা দেখে কিনুন;
২১. বোরো ধানের জমিতে এলসিসি ব্যবহার করে ইউরিয়া উপরি প্রয়োগ করুন;
২২. বোরো ধানের জমিতে চারা রোপনের ৭-১০ দিনের মধ্যে গুটি ইউরিয়া প্রয়োগ করুন।

